

## মরুভূমি ও মরুদ্যান

এফ. আহমেদ

জল চাইলে আমার কাছে ?  
যে নিজেই মরুভূমি ।

তুমি বললে, ” মরুদ্যানেও জল থাকে,  
খুজে নিতে হয় । ”

মরুদ্যানে শুধু জলই থাকে না -  
মরীচিকাও থাকে,  
যাকে সব দিয়ে আজ আমি মরুভূমি  
তাকে কি করে ভুলি ?

তুমি বললে, ” আমি সেই মরুভূমিতেই,  
সবুজের বন্যা বইয়ে দেব । ”

তোমার সেই বন্যায়  
ভেসে গেছে সব অতীত । ।